

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ লক্ষ্মীপুর শাখা।

অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স জনতা ফিলিং ষ্টেশন নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী জনাব মাহবুল আলম, পিতা-নাচিরুল হক, মাতা- সুরাইয়া বেগম, ব্যবসায়িক ঠিকানা- দক্ষিণ তেমুহানি, রামগতি রোড, সদর, লক্ষ্মীপুর, বর্তমান ঠিকানা- নাচিরুল ডাঙ্গারের বাসা, গ্রাম: দক্ষিণ তেমুহানি, রামগতি রোড, সমসেরাবাদ (৭নং ওয়ার্ড), ডাকঘর: লক্ষ্মীপুর সদর-৩৭০০, লক্ষ্মীপুর, স্থায়ী ঠিকানা:নাচিরুল ডাঙ্গারের বাসা, গ্রাম: দক্ষিণ তেমুহানি, রামগতি রোড, সমসেরাবাদ (৭নং ওয়ার্ড), ডাকঘর: লক্ষ্মীপুর সদর-৩৭০০, লক্ষ্মীপুর কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, লক্ষ্মীপুর শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিষিত স্থাপনাদি রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রি কৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ৩০.১১.২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,১৭,৭৬,২২৯.০০ (দুই কোটি সতের লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত উন্নিশ টাকা তিন পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালাতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাটে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- লক্ষ্মীপুর, থানা- লক্ষ্মীপুর সদর, জে.এল নং- ৭৫, মৌজা- সমসেরাবাদ, খতিয়ান নং ডি.এস- ৩৫৪, এম, আর,আর ৩৩৭, মিউটেশন ১১৫৮, দাগ নং-১০৮০,১০৮০/১৭৮৫। মোট ৩৫.০০ শতাংশ জমি ও তদুপরিষিত দ্বি-তল বানিজ্যিক ভবন, যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত রামগতি স্টেশন রোড এলাকায় অবস্থিত এবং যাহার উত্তরে- মাহবুব হোসাইন মুরাদ, দক্ষিনে- আবদুল্লাহ আল মামুন / কথিত জামান, পুর্বে - রামগতি এবং পশ্চিমে- নিজস্ব জমি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৯.১২.২০১৯ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখায় রাখিত বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাতাকে উদ্বৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াশ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়াশ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রত্যাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রত্যাব অগ্রহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, অকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখা।